গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৬.১৫-১৬৫

তারিখ : ১২ জ্যৈষ্ঠ ১৪২৩ / ২৬ মে ২০১৬

# প্রজ্ঞাপন

যেহেতু শেখ মোহাম্মদ শফিকুল আলম (০০৫০০৬), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে গত ৩১.০১.২০১২ তারিখের ৩৫.০২২.০০৮.০০.০০.০০৮.২০১১-৫৬ সংখ্যক স্মারকমূলে Queensland University of Technology, Australia-তে পি.এইচ.ডি. প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত গত ২২.০২.২০১২ তারিখ হতে ০৯.০৩.২০১৫ তারিখ পর্যন্ত ০৩ বছর ১৫ দিনের প্রেষণ মঞ্জুর করা হয়;

যেহেতু তিনি পরবর্তিতে মঞ্জুরীকৃত প্রেষণাদেশ ১০.০৩.২০১৫ তারিখ হতে আরও ০২(দুই) বছর বর্ধিতকরণের জন্য ১১.০১.২০১৫ তারিখ আবেদন করেন। কিন্তু তাঁর অনুকূলে ইতোপূর্বে গত ৩০.১০.২০০০ তারিখের সপ্র/১টি-২১/২০০০/৫৮ সংখ্যক স্মারকমূলে Research Training & M. Phil in Highway Engineering at the University of Birmingham প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য গত ০১.১১.২০০০ তারিখ হতে ৩০.১১.২০০২ তারিখ পর্যন্ত ০২ বছর ০১ মাস প্রেষণ মঞ্জুর করা হয়েছিল। এতে তাঁর অনুকূলে মঞ্জুরকৃত প্রেষণের সময়কাল সর্বমোট (০২ বছর ০১ মাস + ০৩ বছর ১৫ দিন)=০৫ বছর ০১ মাস ১৫ দিন হয়। এ প্রেক্ষাপটে প্রার্থীত অতিরিক্ত প্রেষণাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪.০২.২০১০ তারিখের ০৫.২০২.০২২.০০.০০.০৮০.৯২-৫১(৫০) সংখ্যক পরিপত্রের পরিপন্থি হওয়ায় তাঁর আবেদনটি মঞ্জুর না করে তাঁকে ১০.০২.২০১৫ তারিখ দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদানের নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু প্রেষণাদেশ (Deputation) ১০.০৩.২০১৫ তারিখ হতে ০২(দুই) বছর বর্ধিতকরণের জন্য গত ১৬.০২.২০১৫ তারিখে পুনরায় আবেদন করলে তা বিধিসম্মত না হওয়ায় না-মঞ্জুর করে তাঁকে ২৬.০৪.২০১৫ তারিখের মধ্যে দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদানের জন্য পুনরায় ০৯.০৪.২০১৫ তারিখ নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তিতে তিনি গত ২২.০৪.২০১৫ তারিখ একই কারণ দেখিয়ে ০২(দুই) বছর সময় বর্ধিতকরণের জন্য আবেদন করেন, যা বিধিসম্মত না হওয়ায় বিবেচনায় নেয়া হয়নি;

যেহেতু তাঁর অনুকূলে মঞ্জুরকৃত প্রেষণ মেয়াদ গত ০৯.০৩.২০১৫ তারিখ শেষ হওয়ার পর কাজে যোগদানের জন্য একাধিকবার নির্দেশনা দেয়া সত্ত্বেও ১০.০৩.২০১৫ তারিখ থেকে অদ্যাবধি কাজে যোগদান না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ পরিস্থিতিতে গত ২৬.০৭.২০১৫ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৪১.২০০৯-৫৭৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গত ২৬.০৪.২০১৫ তারিখ হতে তাঁকে চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উক্তরূপ কার্যকলাপের জন্য তাঁকে একই বিধিমালার ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ২৬/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী অভিযুক্ত করে কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে বিগত ১৩.০৮.২০১৫ তারিখে রেজিস্টার্ড/এডি সহযোগে তাঁর সম্ভাব্য সকল ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করত: তা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয় এবং তিনি ০৭.০৯.২০১৫ তারিখ জবাব দাখিল করেন, কিন্তু শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেননি;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, প্রদত্ত জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব মনীন্দ্র কিশোর মজুমদার, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১৮.০১.২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণ ও ডিজারশন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন ও অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদন্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২৬.০১.২০১৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু তিনি বিদেশ থেকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক তাঁকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু শেখ মোহাম্মদ শফিকুল আলম (০০৫০০৬), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে, শেখ মোহাম্মদ শফিকুল আলম (০০৫০০৬), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১০.০৩.২০১৫ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১০.১৫-১৬৫/১(১৪)

তারিখ : ১২ জ্যৈষ্ঠ ১৪২৩
২৬ মে ২০১৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. শেখ মোহাম্মদ শফিকুল আলম (পরিচিতি নম্বর ০০৫০০৬), নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

২৬/৫/১৬

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৩৬৮৮